

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গেজেট অধিশাখা
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

নম্বর- ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.০৯/২০১৭-৪৫১

তারিখ

০৪ ফাল্গুন ১৪২৩ বঃ

১৬ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ কোরাম পূরণ না হওয়ায় ও আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতির আশঙ্কায় এবং অনিবার্য প্রশাসনিক কারণে উপজেলা যাচাই বাছাই কার্যক্রম স্থগিত রাখা প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও কার্যার্থে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ২১/০১/২০১৭ তারিখ হতে সারাদেশব্যাপী মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কার্যক্রম শুরু হয়েছে। মহাপরিচালক জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ১৬/০২/২০১৭ তারিখের ৪৮.০২.০০০০.০০৫.০০.০৭০.১৬-৫২৪ সংখ্যক পত্রের মাধ্যমে জানিয়েছেন যে, নিম্নোক্ত ১০টি জেলার ১০টি উপজেলার যাচাই বাছাই কমিটির কোরাম পূরণ না হওয়ায় ও আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতির আশঙ্কায় এবং অনিবার্য প্রশাসনিক কারণে মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। নিম্নে তাদের তালিকা প্রদান করা হলঃ

ক্রঃ নং	জেলা	উপজেলা	কারণ
০১	টাঙ্গাইল	কালিহাতী	কোরাম পূরণ না হওয়ায়
০২	শরীয়তপুর	শরীয়তপুর সদর	কোরাম পূরণ না হওয়ায়
০৩	রংপুর	রংপুর সদর	কোরাম পূরণ না হওয়ায়
০৪	বগুড়া	নন্দীগ্রাম	কোরাম পূরণ না হওয়ায়
০৫	মাগুড়া	মাগুড়া সদর	কোরাম পূরণ না হওয়ায়
০৬	ফেনী	সোনাগাজী	কোরাম পূরণ না হওয়ায়
০৭	ঝালকাঠী	কাঁঠালিয়া	কোরাম পূরণ না হওয়ায়
০৮	হবিগঞ্জ	নবীগঞ্জ	কোরাম পূরণ না হওয়ায়
০৯	ঢাকা	নবাবগঞ্জ	আইন শৃঙ্খলা অবনতির আশঙ্কায়
১০	ব্রাহ্মণবাড়ীয়া	কসবা	অনিবার্য প্রশাসনিক কারণে

২। উপজেলা কমিটিসমূহ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক ধার্যকৃত তারিখে মুক্তিযোদ্ধাদের যাচাই বাছাই কার্যক্রম শুরু না করায়, গত ২৯/০১/২০১৭ তারিখের বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত যাচাই বাছাই কমিটির গঠন ও কার্যপরিধির প্রজ্ঞাপনের ৩ (ঘ) ক্রমিকের শর্ত লঙ্ঘিত হয়েছে।

৩। বর্ণিত উপজেলার যাচাই বাছাই কার্যক্রম জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত কর্তৃপক্ষ স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছে।

৪। অন্য সকল উপজেলা/জেলা/মহানগরে পূর্ব নির্ধারিত সময়ে যাচাই বাছাই কার্যক্রম চলবে।


(মোঃ মাহবুবুর রহমান ফারুকী)
উপসচিব
ফোনঃ ৯৫৬৬৫৭২

বিতরণঃ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,.....
- ৩। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার,.....(সকল)।
- ৭। যুগ্ম-সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। জেলা প্রশাসক,.....(সকল)।
- ৯। মন্ত্রী/জামুকার সদস্য/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব/ব্যক্তিগত সহকারী,.....মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী/জামুকার মাননীয় সদস্য/মাননীয় প্রতিমন্ত্রী/মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। উপসচিব (আইন), আইন অধিশাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার,....., (সকল)।
- ১২। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংসদীয় কমিটির সভাপতি এর একান্ত সচিব (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। সিনিয়র তথ্য কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বহুল প্রচারের অনুরোধসহ)।
- ১৪। ট্রাফিক ও সচিব, মুক্তিযুদ্ধ জাদুঘর, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৫। জনাব,.....,